গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৫.০৫.০০৫.২২-৯৫

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯
১২ অক্টোবর ২০২২

**বিষয়: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২২-২০২৩ অর্থবছরের ১ম কোয়ার্টার (০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) এর মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২২-২০২৩ অর্থবছরের ১ম কোয়ার্টার (০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) এর মূল্যায়ন প্রতিবেদন নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি: ২০২২-২৩ অর্থবছরের ১ম কোয়ার্টার (০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) এর মূল্যায়ন প্রতিবেদন ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীসহ ১০ (দশ) পাতা।**

১২-১০-২০২২
(মোহাম্মদ রফিকুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন:-৪৮১১৮৮২৮

সচিব
সমন্বয় ও সংস্কার,
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
(দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি:**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd.

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু হেনা মোরশেদ জামান<br>সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ |
| তারিখ | : | ১১.১০.২০২২ খ্রিঃ |
| সময় | : | দুপুর ২.০০ ঘটিকা |
| স্থান | : | ব্লক নং-১২, কক্ষ নং-৩৩ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নির্দেশিকার বরাত দিয়ে তিনি জানান যে, শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হচ্ছে নিয়মিত এর চর্চা করা এবং এর মাধ্যমে দুর্নীতি প্রতিরোধ করে সুশাসন প্রতিষ্ঠা করা। সভাপতি বলেন সরকারের উন্নয়ন কর্মসূচীর সুফল জনগণের দোরগড়ায় পৌঁছানোর জন্য আমাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি বলেন দুর্নীতি প্রতিরোধে নির্ধারিত সময়ে প্রকল্প পরিদর্শন ও রিপোর্ট জারী করতে হবে। রিপোর্টে সুপারিশকৃত মতামত সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণপূর্বক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করার বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। নির্ধারিত ফরমে যথানিয়মে আইএমই বিভাগের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার প্রথম তিন মাসের (জুলাই-সেপ্টেম্বর) লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনার জন্য সংশ্লিষ্ট নীতিমালার আলোকে নৈতিকতা কমিটির সভা আহবান করা হয়েছে বলে তিনি অবহিত করেন।

**২০২২-২০২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা**

সভায় গত ২০/৮/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। এ সময় অতিরিক্ত সচিব প্রশাসন ড. গাজী মোঃ সাইফুজ্জামান ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। নৈতিকতা কমিটির সিভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে গত ২৯/০৯/২০২২ তারিখে সভা আয়োজন করা হয়েছে। ৩টি ব্যাচে মোট ৭৮ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্ম-পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিতে বিভিন্ন প্রদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ৩১/০৭/২০২২ তারিখে ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকশ করা হয়েছে। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে। এই কোয়ার্টারে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২৮.৫৫% বাস্তবায়ন করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার থেকে বেশি। ধীরগতি সম্পন্ন প্রকল্প বাস্তবায়ন অবস্থা পরিবীক্ষণের লক্ষ্যে প্রকল্পভিত্তিক ০৮ টি সভা আহবান করা হয়েছে। ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রকল্প পরিবীক্ষণ সংক্রান্ত ই-পিএম আইএস সিস্টেমের বিষয়ে ১০০ জনের প্রশিক্ষণের টার্গেট ছিল তার বিপরীতে ২১৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ই-পিএম আইএস এর আওতায় প্রকল্পব্যবস্থাপনা বিষয়ে ১০ জনের প্রশিক্ষণের বিপরীতে ২৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**২০২২-২০২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা**

২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা হয়। এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান কর্মপরিকল্পনাতে অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচকের সংখ্যা মোট ১৫টি। প্রাতিষ্ঠানিক ব্যবস্থার আওতায় ০৬টি, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এর আওতায় ০৫টি এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য

কার্যক্রম ০৪টি সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে। এ সব সূচকের মধ্যে ১.৬ নং সূচক আইএমই বিভাগের জন্য প্রযোজ্য নয়। কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারে রয়েছে নৈতিকতা কমিটির ০১টি সভা আয়োজন, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত ৬০জনের ০১টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা, কর্মপরিবেশ উন্নয়ন করা, ২০২২-২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা (যদি সংশোধনী থাকে), অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন, ২টি PSC ও ২টি PIC সভা আয়োজন করা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করণ, ৮টি ধীরগতি সম্পন্ন প্রকল্পের কর্তৃপক্ষের সাথে সভা আয়োজন করা, ইলেকট্রনিক পদ্ধতিতে প্রকল্প পরিবীক্ষণ সংক্রান্ত ই-পিএমআইএস সিস্টেমের বিষয়ে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান, ই-পিএমআইএস এর আওতায় প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে ১০ জনকে প্রশিক্ষণ প্রদান ইত্যাদি। এছাড়া আলোচনায় বিভিন্ন সেক্টরের মহাপরিচালকগণ এবং প্রশাসনের কর্মকর্তারা অংশগ্রহণ করেন এবং জানান নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম চলমান রয়েছে এবং নির্দিষ্ট সময়ে সমাপ্ত হবে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

**সিদ্ধান্তঃ**

(১) চলতি কোয়ার্টারের মধ্যে ৬০ জনের সমন্বয়ে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে;

(২) অংশীজনদের সাথে সভায় গণমাধ্যম, সুশীল সমাজ, জনপ্রতিনিধি এবং বিভাগের সিদ্ধান্তে প্রভাবিত হয় এ ধরনের অংশগ্রহণকারীদের প্রাধান্য দিতে হবে।

(৩) ধীরগতি সম্পন্ন ০৮ প্রকল্পের কর্তৃপক্ষের সাথে প্রকল্পের সর্বশেষ অবস্থা নিয়ে চলতি কোয়ার্টারে পর্যালোচনা সভা আয়োজন করতে হবে।

(৪) ২৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে অফিস সময়ের নূন্যতম ২ ঘন্টা এসি বন্ধ রাখতে হবে, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫°C অথবা তার উপরে রাখতে হবে, অফিসের ন্যায় আবাসস্থলের বিদ্যুৎ ও জ্বালানীর ব্যবহার কমিয়ে আনতে হবে;

(৫) ২টি PSC ও ২টি PIC সভা যথা নির্ধরিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

(৬) দুর্নীতি প্রতিরোধে নির্ধারিত সময়ে প্রকল্প পরিদর্শন ও রিপোর্ট জারী করতে হবে। রিপোর্টে সুপারিশকৃত মতামত সংশ্লষ্ট সংস্থা কর্তৃক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(৭) কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির বিবরণ সম্বলিত ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ১৫.০১.২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবু হেনা মোরশেদ জামান)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এর ২য় কোয়ার্টারের (০১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত) 'নৈতিকতা কমিটির' সভা অদ্য ১১/১০/২০২২ তারিখ বিকাল ২.০০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিভাগের সম্মেলন কক্ষে (ব্লক নং-১২, কক্ষ নং-৩৩) অনুষ্ঠিত হবে। উক্ত সভার হাজিরার নিম্নরূপ:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম এবং পদবী | সেলফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: সোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, সিপিটিইউ | 01727 691 482 | [signature] 11.10.2022 |
| ০২ | এস এম, হামিদুল হক, প্রধান, | | [signature] 11.10.2022 |
| ০৩ | মো. জহির রায়হান, মহাপরিচালক, সেক্টর-2 | 01715898484 | [signature] |
| ০৪ | আব্দুল্লাহ আল মামুন, যুগ্মসচিব, | 01715134059 | [signature] 11/10/22 |
| ০৫ | মো: আব্দুল্লাহ ইউসুফ, DG, Sec-4 | 01798753951 | [signature] |
| ০৬ | মো: আব্দুল মান্নান প্রকৌশলী, মহাপরিচালক, সেক্টর-৩ | 01937188207 | [signature] |
| ০৭ | ড. গাজী মো: সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব, আইএমইডি | ০১৭১৮০৬৪৮৯৬ | [signature] ১১.১০.২০২২ |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | মুহাম্মাদ আবদুল হান্নান<br>সহকারী শিক্ষক<br>শ্রেণি-৭ | ০১৫৫৫০১৫৫১১২[illegible] | [signature]<br>১ [illegible]/2022 |
| ০৯ | | | |
| ১০ | | | |
| ১১ | | | |
| ১২ | | | |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| ১৬ | | | |

## মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩

মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নাম: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.........................................** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ১ | সংখ্যা | নৈতিকতা কমিটি | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | ১ | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সংশ্লিষ্ট সকল | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | সমন্বয় এমআইএস সেক্টর | ২ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | | | | | |
| | | | | | | অর্জন | ১ | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন-০২) | ২৪০ | লক্ষ্যমাত্রা | ১(৬০) | ১(৬০) | ১(৬০) | ১(৬০) | | | |
| | | | | | | অর্জন | ৩(৭৮) | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা ও তারিখ | অতিরিক্ত সচিব (প্রশাসন-০৩) | ২টি, ২২.০৯.২২ ২৩.০৩.২৩ | লক্ষ্যমাত্রা | ১টি ২২.০৯.২২ | | ১টি ২৩.০৩.২৩ | | | | বিস্তারিত বিবরণী পরিশিষ্ট 'ক' |
| | | | | | | অর্জন | ১ টি ১১.০৮.২২ | | | | | | |
| ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | | | লক্ষ্যমাত্রা | | | | | | | বিভাগের আওতাধীন কোন দপ্তর/সংস্থা নেই |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ......................................................................** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক | ৩১.০৭.২০২২, ১৫.০২.২৩ এবং ২৫.০৪.২৩ | লক্ষ্যমাত্রা | ৩১.০৭.২২ | ১৫.০২.২৩ | | ২৫.০৪.২৩ | | | |
| | | | | | | অর্জন | ৩১.০৭.২২ | | | | | | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনা সহ) | ক্রয়-পরিকল্পনা বাস্তবায়িত | ২ | % | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক | ১০০% | লক্ষ্যমাত্রা | ৫% | ৩০% | ৫০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ২৮.৩৬% | | | | | | |
| ২.৩ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ৩ | সংখ্যা | প্রকল্প পরিচালক | ১০ (পিআইসি:০৫) (পিএসসি:০৫) | লক্ষ্যমাত্রা | | ৪ (পিআইসি:০২) (পিএসসি:০২) | ২ (পিআইসি:০১) (পিএসসি:০১) | ৪ (পিআইসি:০২) (পিএসসি:০২) | | | বিস্তারিত বিবরণী পরিশিষ্ট 'খ' |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৪ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক কর্মসূচি বাস্তবায়িত | ৩ | % | সমন্বয় এমআইএস সেক্টর | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০% | ৩০% | ৫০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ২৮.৫৫% | | | | | | |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ৫ | তারিখ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক | ৩১.১২.২০২২ | লক্ষ্যমাত্রা | | ৩১.১২.২২ | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**................ (অগ্রাধিকার ভিত্তিতে ১নং সহ ন্যুনতম চারটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করণ | | ৩ | তারিখ | অতিরিক্ত সচিব (প্রশাসন-০১) | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.২ ধীরগতি সম্পন্ন প্রকল্প বাস্তবায়ন অবস্থা পরিবীক্ষণের লক্ষ্যে প্রকল্পভিত্তিক সভা আহবান | আয়োজিত সভা | ৫ | সংখ্যা | সকল সেক্টর | ৩২ | লক্ষ্যমাত্রা | ৮ | ৮ | ৮ | ৮ | | | |
| | | | | | | অর্জন | ৮ | | | | | | |
| ৩.৩ ইলেকট্রনিক পদ্ধতিতে প্রকল্প পরিবীক্ষণ সংক্রান্ত ই-পিএমআইএস সিস্টেমের বিষয়ে প্রশিক্ষণ প্রদান | প্রদানকৃত প্রশিক্ষণ | ৫ | সংখ্যা | মহাপরিচালক সিপিটিইউ | ৪০০ | লক্ষ্যমাত্রা | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | |
| | | | | | | অর্জন | ২১৬ | | | | | | |
| ৩.৪ ই-পিএমআইএস এর আওতায় প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | প্রদানকৃত প্রশিক্ষণ | ৫ | সংখ্যা | মহাপরিচালক সিপিটিইউ | ৪০ | লক্ষ্যমাত্রা | ১০ | ১০ | ১০ | ১০ | | | |
| | | | | | | অর্জন | ২৯ | | | | | | |

বি:দ্র:- কোন ক্রমিকের কার্যক্রম প্রযোজ্য না হলে তার কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১২.১০.২০২২
মোহাম্মদ রফিকুল হক
সিনিয়র সহকারী সচিব
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২.১০.২০২২
ড. গাজী মোঃ সাইফুজ্জামান
অতিরিক্ত সচিব (প্রশাসন)
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আবু হেনা মোরশেদ জামান
সচিব
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার